

একই নম্বর ও তারিখের হ্রাসাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়  
সিঙ্গিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং- সিঙ্গিএ/হিসাব ও সিডিপিইউ/SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/পার্ট-১/৯৫৮

তারিখঃ ০৩/০১/২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ

গত ১৫-১২-২০১৫ খ্রি: তারিখে জারীকৃত জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অনলাইন পদ্ধতিতে বেতন নির্ধারণের বিধান রয়েছে। উক্ত অনলাইন পদ্ধতিতে বেতন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট চাকুরে কর্তৃক দাখিলকৃত বেতন নির্ধারণী বিবরণীতে ভুল পরিলক্ষিত হলে, কতিপয় ক্ষেত্রে হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক সংশোধনের সুযোগ রয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে Online এ ফেরৎ দেয়ারও সুবিধা রয়েছে। কিন্তু ভুল বেতন নির্ধারণী বিবরণী প্রতিপাদন (Verificaton) করা হলে হিসাবরক্ষণ কার্যালয় কর্তৃক উক্ত প্রতিপাদন সংশোধন করার আপাততঃ সুযোগ নেই। এরূপ ভুল পরিহার করার জন্য সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২। উক্ত রূপ সতর্কতা অবলম্বন করা সত্ত্বেও যদি ভুলভাবে বেতন নির্ধারণী বিবরণী প্রতিপাদন (Verificaton) করা হয়ে থাকে, তবে সেক্ষেত্রে উক্ত বেতন নির্ধারণ সংশোধন করার নিমিত্ত ভুলের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক এ কার্যালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনাব প্রকৌ: মোঃ আয়ুবুর রহমান এর সহিত লিখিত ভাবে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে Verified মূল দুই কপিও পাঠাতে হবে- যা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের পর জনাব প্রকৌ: মোঃ আয়ুবুর রহমান কর্তৃক বাতিল করতে হবে।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মসূচী কর্তৃপক্ষের সহায়তায় এ বিষয়ে তালিকা সংরক্ষণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন এবং অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি) ও সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসকে তা অবহিত করবেন।

স্বাঃ-

(মোঃ কামরুল আলম)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন : ৯৩৬০৮৫৯।

নং- সিঙ্গিএ/হিসাব ও সিডিপিইউ/SPEMP/২০১১/৩২৮(খন্ড-৩)/পার্ট-১/৯৫৮

তারিখঃ ০৩/০১/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ (PEMS) কর্মসূচি, ইউসেফ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ অতি: কর্মসূচি পরিচালক (iBAS++ ও একাউন্টস)। | আপনাদের সাথে আলোচনার প্রেক্ষিতে।

২। জনাব প্রকৌ: মোঃ আয়ুবুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিঙ্গিএ কার্যালয়।

৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৪। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)। | অধীনস্থ সকল উপজেলা হিসাবরক্ষণ অফিসে অবগতির অনুরোধসহ।

৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৬। পিএস টু সিঙ্গিএ।

৭। অফিস কপি।

সিঙ্গিএ  
২০/০১/২০১৬  
SA-১/২, PR

(মোঃ কামরুল আলম)  
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)  
ফোন : ৯৩৬০৮৫৯।